# স্বাধীনতাবিরোধীদের ষড়যন্ত্র জনগণ নস্যাৎ করবে: মির্জা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশের স্বাধীনতা বিরোধীরা নতুন করে সক্রিয় হয়ে গণতন্ত্রকে চ্যালেঞ্জ দিতে চাচ্ছে, তবে জনগণ তাদের পরিকল্পনা নস্যাৎ করবে। মঙ্গলবার তিনি সাবেক রাষ্ট্রপতি ও দলের প্রতিষ্ঠাতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ ও স্মরণসভায় অংশগ্রহণ করেন।

আজ মঙ্গলবার (১৬ ডিসেম্বর) সকালে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নেতাকর্মীদের সঙ্গে সাবেক রাষ্ট্রপতি ও দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের সমাধিতে যান। সেখানে তিনি মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডার বীর উত্তম জিয়াউর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন এবং ফাতেহা পাঠ ও মোনাজাতের মাধ্যমে তার অসামান্য অবদান স্মরণ করেন।

মির্জা ফখরুল বলেন, “যারা একাত্তরে স্বাধীনতার বিরোধী ছিল, তারা এখনো ষড়যন্ত্রে লিপ্ত। তবে দেশের মানুষ তাদের অপচেষ্টা নস্যাৎ করবে এবং গণতন্ত্র প্রতিষ্ঠা করবে।” তিনি আরও উল্লেখ করেন, ২৫ ডিসেম্বর দেশে ফিরে বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান গণতন্ত্রের লড়াইকে আরও শক্তিশালী করবেন।

LENS ASIA